**সংবাদ**

10 FEB 2003

## হরিয়ানায় আহত জা.বি শিক্ষার্থীদের ৫ লাখ টাকার চেক দিয়েছেন শিক্ষামন্ত্রী

জা.বি থেকে সংবাদদাতা ঃ ভারতে শিক্ষা সফরকালে হরিয়ানা রাজ্যের কার্নালে সড়ক দুর্ঘটনায় মারাত্মক আহত জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের প্রত্নতত্ত্ব বিভাগের ছাত্রছাত্রীদের চিকিৎসার্থে শিক্ষা মন্ত্রণালয় ৫ লাখ টাকা অনুদান দিয়েছে। সোমবার জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় অডিটোরিয়ামের সেমিনার কক্ষে শিক্ষামন্ত্রী ড. এম ওসমান ফারুক উপাচার্য অধ্যাপক জসীমউদ্দিন আহমদের কাছে ৫ লাখ টাকার চেক হস্তান্তর করেন।